Total number of printed pages: 6 (six) **DCBL-2023-102**

**2023**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 2nd paper**

General Bengali Grammar

Full Marks: 80 Time: 3 hours

**২০২৩**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র**

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১) সঠিক উত্তর লিখুন : - (চারটি) ১ x ৪ = ৪

ক) ভাষাকে একটি নির্দিষ্ট নিয়মের গণ্ডীতে বেঁধে রাখতে চায় কোন ব্যাকরণ? (নিরপেক্ষ/ অনুশাসনিক)

খ) বরাক উপত্যকায় মাতৃভাষার অধিকার রক্ষার জন্য গণ আন্দোলন সংগঠিত হয়েছিল কোন সময়ে? (১৯৬১-র ১৯ মে/ ১৯৫২-র ২১ ফেব্রুয়ারি)

গ) ২৫ শে বৈশাখ কোন কবির জন্মদিন হিসেবে বিশেষ সুপরিচিত? (কাজী নজরুল ইসলাম/ রবীন্দ্রনাথ ঠাকুর)

ঘ) ‘মুগ্ধবোধ' একটি প্রাচীন ব্যাকরণ গ্রন্থ গ্রন্থটি বাংলা না সংস্কৃত?

ঙ) ‘বঙ্গীয় শব্দকোষ’ গ্রন্থটির প্রণেতা কে? (রাজশেখর বসু/ হরিচরণ বন্দ্যোপাধ্যায়)

অপর পৃষ্ঠায় দেখুন

২) দু'টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) পাণিনি থেকে বিদ্যাসাগর পর্যন্ত ___ ব্যাকরণের ধারাটি ___ বছরের। (শূন্যস্থান পূর্ণ করুন)

খ) 'বঙ্গীয় শব্দকোষ' গ্রন্থে ব্যাকরণের অর্থ সম্বন্ধে কী বলা হয়েছে?

গ) বাংলা ভাষাচিন্তার প্রথম বইটির নাম কী? এটি কোন হরফে এবং কত সালে লেখা হয়েছিল?

৩) একটি প্রশ্নের উত্তর লিখুন: - ৩ x ১ = ৩

ক) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ভাষা শেখার ব্যাপারে ব্যাকরণের কাজ সম্পর্কে কী অভিমত দিয়েছিলেন?

খ) কারা অভিমত দিয়েছেন? —'বাংলা ভাষার ব্যাকরণ পুরোপুরি বাংলা ব্যাকরণ নয়'— এবং তাঁরা কেন একথা বলেছেন?

গ) হরপ্রসাদ শাস্ত্রীর মতে বাংলা ব্যাকরণের দু'টি প্যাটেন্ট কী কী? —এবং তাদের রচনাকার কারা?

৪) অতি সংক্ষেপে উত্তর লিখুন : - (চারটি) ১ x ৪ = ৪

ক) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটির রচনাকার কে?

খ) রবীন্দ্রনাথের লেখা ভাষাতত্ত্ব বিষয়ক একটি গ্রন্থের নাম লিখুন।

গ) ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত বাংলা ভাষা বিষয়ক গ্রন্থটির নাম লিখুন।

ঘ) বাংলা গদ্যরীতির প্রকাশ মোটামুটি কত শতকে?

ঙ) বাংলা ব্যাকরণ মূলত কোন ব্যাকরণের কাঠামোতে রচিত?

৫) সংক্ষিপ্ত উত্তর লিখুন :- (পাঁচটি) ১ x ৫ = ৫

ক) ধ্বনির লিখিত প্রতীকটির নাম কী?

খ) বন+অন্তর — সংস্কৃত সন্ধির নিয়ম অনুযায়ী এর সন্ধি কী হবে?



অপর পৃষ্ঠায় দেখুন

গ) ইউরোপীয় ভাষাতাত্ত্বিক ব্লুমফিল্ড সন্ধির সংজ্ঞা কী দিয়েছেন?

ঘ) শ, ষ, স, হ বর্ণগুলিকে কেন উষ্মবর্ণ বলা হয়?

ঙ) একটি র-জাত বিসর্গ সন্ধির উদাহরণ লিখুন।

চ) ‘ম’ এই বর্ণটির ধ্বনিতাত্ত্বিক পরিচয় দিন।

ছ) তপন, শ্রীমান, ধীমান প্রভৃতি শব্দের বানানে কোন বিধি প্রযোজ্য হয়েছে? (ণত্ব/ ষত্ব)

৬) তিনটি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) ধ্বনি পরিবর্তনের ধারায় 'বর্ণ বিপর্যয়'-এর উদাহরণ সহ সংজ্ঞা লিখুন।

খ) সন্ধি করে লিখুন: বৃষ তি, বড় ঠাকুর।

গ) বাংলায় স্বরধ্বনিগুলি কী কী?

ঘ) ঘৃষ্টবর্ণ কাকে বলে? এর দ্বারা কোন বর্ণগুলিকে বোঝানো হয়?

ঙ) ব্যঞ্জনবর্ণের কোন বর্ণগুলি মহাপ্রাণ ধ্বনি?

চ) ব্যঞ্জনবর্ণের মধ্যে দু’টি ‘ব’ কী কী? উদাহরণ সহ লিখুন।

৭) সূত্র সহ সন্ধি বিচ্ছেদ করুন :- (দু’টি) ১½ x ২ = ৩

(ক) অত্যন্ত (খ) চলচ্চিত্র (গ) স্বাগত (ঘ) দেবেন্দ্র

৮) চারটি প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৪ = ৪

ক) রেস্তোরাঁ, আঁতাত, বুর্জোয়া —এই শব্দগুলোর উৎসমূল কোন ভাষা?

খ) মোটা, সাঙ্গা, গুঁড়ি এই শব্দগুলোর উৎসমূল কোন দেশি জনজাতি?

গ) বহুপদকে একপদে রূপান্তর করে লিখুন 'লাভের ইচ্ছা'।

ঘ) দু’টি সমার্থক শব্দ লিখুন : - গৃহ।

ঙ) পদ পরিবর্তন করে লিখুন : - ভাষা।

চ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ : - অন্য, অন্ন।

৯) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করুন : - (দু'টি) ১ x ২ = ২

(ক) শতাব্দী (খ) রাজপুত্র (গ) সুরাসুর (ঘ) জীবনতরী

১০) টীকা লিখুন : - (দু'টি) $১^{১}/_{২}$ x ২ = ৩

আকাদেমি, কাগজ, পাঁউরুটি, দাম

১১) উল্লিখিত তৎসম শব্দগুলির তদ্ভব রূপটি কী হবে? (দু'টি) ১ x ২ = ২

অঙ্ক, স্থান, আরাত্রিক

১২) তিনটি প্রশ্নের উত্তর দিন : - ২ x ৩ = ৬

ক) ব্যাকরণে শব্দের প্রতিপাদিক রূপ বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে লিখুন।

খ) শব্দ ও পদের মধ্যে পার্থক্য কী, উদাহরণ দিয়ে লিখুন।

গ) যৌগিক শব্দ কাকে বলে? উদাহরণ দিন।

ঘ) তৎসম শব্দের আভিধানিক অর্থ কী? বাংলায় কোন শব্দকে তৎসম বলে চিহ্নিত করা হয়?

ঙ) অর্থ লিখে বাক্য রচনা করুন : - (একটি) তালকাটা/ পাকা মাথা।

১৩) চারটি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ৪ = ৮

ক) চলিত ভাষার প্রচলনে প্রমথ চৌধুরীর অবদান সংক্ষেপে লিখুন।

খ) সাধু ভাষাকে ঐশ্বর্যমণ্ডিত করেন যে দু'জন বাঙালি মনীষী তাঁদের নাম কী?

গ) অর্থ সহ বাক্য রচনা করুন : -

'রথ দেখা কলা বেচা' *অথবা* 'খাল কেটে কুমির আনা'।

ঘ) 'যদি সাবধানে না চলো, তাহলে এই অবস্থা হবে।' বাক্যটি কী ধরনের বাক্য? (যৌগিক/জটিল) এবং কেন? তা বুঝিয়ে লিখুন।

ঙ) 'অন্ধকারে পথ হারিয়ে বাড়ি ফিরে এলাম।' —বাক্যতত্ত্ব অনুযায়ী একে কি সঠিক বাক্য বলা যাবে? উত্তরের স্বপক্ষে যুক্তি দিয়ে লিখুন।



অপর পৃষ্ঠায় দেখুন

১৪) নিম্নলিখিত অনুচ্ছেদটিকে চলিত ভাষায় রূপান্তর করুন : - ২

বাঙ্গলা সাধুভাষা ধীরে ধীরে গড়িয়া উঠিয়াছে, ইহা এখনকার পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সমগ্র বঙ্গ-ভাষী জনগণের মাতৃভাষা, কথ্যভাষা বেশ জোরের সঙ্গে বিদ্যমান থাকিলেও সেগুলিকে এক সাধারণ ভাষার গণ্ডীর মধ্যে সাধু ভাষার সূত্রে গাঁথিয়া রাখিয়াছে। এই যোগসূত্রকে ছিন্ন করিয়া দিলে, ভাষার রাজ্যে ঐক্যবোধ নষ্ট হইয়া যাইবে।

১৫) (ক) 'বাংলা', 'বাঙালি' শব্দ দু'টি প্রাচীন যুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত কী কী ভাবে পরিবর্তিত হয়েছে তা উদাহরণ দিয়ে লিখুন। ৩

*অথবা*

(খ) মুহম্মদ শহীদুল্লাহ বলেছিলেন, 'বাঙ্গালীর লেখায় আর পড়ায় ঠিক নাই।' —এর স্বপক্ষে তিনি কী উদাহরণ দিয়েছিলেন?

১৬) সংক্ষিপ্ত উত্তর লিখুন : - (দু'টি) ২ x ২ = ৪

ক) কম্পিউটার প্রযুক্তি বাংলা লিখন জগতের কাছে কী দাবি করছে?

খ) কার্তিক, কর্তা বানান সম্বন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত কী ছিল?

গ) ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক বাংলা বানানের নিয়ম অনুসারে ই ঈ উ ঊ -এর ব্যবহার সম্বন্ধে কী বলা হয়েছে?

ঘ) বাংলায় 'ৰ' (পেটকাটা র) কবে, কার হাতে 'র' (নীচে বিন্দু দিয়ে) তে রূপান্তরিত হল?

১৭) বিরতি চিহ্ন ব্যবহার করে বাক্যটি পুনরায় লিখুন : - (একটি) ২ x ১ = ২

ক) তিনি বললেন যে যারা গতকাল আসতে পারেনি তারা কাল আসবে

খ) দাঁড়াও পথিকবর জন্ম যদি তব
বঙ্গে তিষ্ঠ ক্ষণকাল এ সমাধি স্থলে

১৮) কোনটি সঠিক বানান: (দু'টি) ১ x ২ = ২

ক) ভয়ংকর/ ভয়ঙ্কর

খ) অতঃপর/ অতপর

গ) ইতঃস্তত/ইতস্তত

১৯) প্রমিত বানানটি লিখুন :- (তিনটি) ১ x ৩ = ৩

ক) তুমি কি/কী আজও আসবে না?

খ) এই বইটা অবশ্যই পোড়ো/ পড়ো।

গ) গতকাল রাতে আমি খাইনি/ খাই নি।

ঘ) আজ আমার সঙ্গে তোমরা/ তোমারও পরীক্ষা হবে।

২০) একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) উপভাষা বলতে কী বোঝায়? বাংলার উপভাষাগুলির নাম লিখুন।

খ) বাংলা ভাষার পাঁচটি ভূবন সম্পর্কে লিখুন।

২১) দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) মান্যচলিত ভাষা বলতে কী বোঝায়? বাংলা ভাষার মান্যচালিত রূপটি কোন কোন অঞ্চলের কথ্যভাষা নিয়ে গড়ে উঠেছিল?

খ) উপভাষাবিহীন ভাষার অস্তিত্ব কি সম্ভব? এর স্বপক্ষে যুক্তি দেখান।

গ) সিলেটিকে কি ভাষা বলা সঙ্গত হবে? এটি ভারতের কোন অঞ্চলের মানুষের মুখে প্রচলিত?

- শেষ পৃষ্ঠা -